ভোরের কাগজ

তারিখ FEB 23 2000
পৃষ্ঠা ... কলাম ...

32

# দেশে দেশে মাতৃভাষা দিবস পালিত

কাগজ ডেস্ক : বাংলাদেশের মিশনগুলোয় যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে অমর একুশে এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে।

দিবস উপলক্ষে লন্ডনে অবস্থিত বাংলাদেশ হাইকমিশন বিস্তারিত কর্মসূচি গ্রহণ করে। অনুষ্ঠানের শুরুতে হাইকমিশনার এ এইচ মাহমুদ আলী রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী পড়ে শোনান। অনুষ্ঠানের মধ্যে ছিল বক্তৃতা, আবৃত্তি ও সঙ্গীতানুষ্ঠান। হাইকমিশন ছাড়াও বিভিন্ন ব্রিটিশ ও বাঙালি রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠনও দিবস উপলক্ষে অনুষ্ঠানমালার আয়োজন করে। একুশের প্রথম প্রহরে পূর্ব লন্ডনের আলতাব আলী পার্কে অবস্থিত কেন্দ্রীয় শহীদ মিনারে হাইকমিশনার পুষ্পস্তবক অর্পণ করেন।

দিবস উপলক্ষে বাহরাইনের বাংলাদেশী দূতাবাস ব্যাপক অনুষ্ঠানমালার আয়োজন করে। রাষ্ট্রদূত আনোয়ারুল করিমের সভাপতিত্বে আয়োজিত আলোচনা সভায় বক্তারা ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন।

তাসখন্দে অবস্থিত বাংলাদেশ মিশনেও যথাযোগ্য ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে অমর একুশে এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত হয়। মিশন আয়োজিত আলোচনা সভায় স্থানীয় বুদ্ধিজীবীসহ ইউনেস্কোর উজবেকিস্তান প্রতিনিধি উপস্থিত ছিলেন।

অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সংযুক্ত আরব আমীরাতের দুবাই কনস্যুলেট জেনারেল বিস্তারিত ও বিশেষ কর্মসূচি পালন করে। কনস্যুলেট প্রাঙ্গণে অস্থায়ী শহীদ মিনার নির্মাণ করা হয়।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে নয়াদিল্লির বাংলাদেশ হাইকমিশনে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বক্তৃতা করেন সাবেক ভারতীয় পররাষ্ট্র সচিব মুচকুন্দ দুবে।

এ ছাড়া আলীগড় বিশ্ববিদ্যালয়ের বাংলাদেশী ছাত্ররা দিবস উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করে।

কলকাতায় অবস্থিত মার্কিন যুক্তরাষ্ট্র, ব্রিটিশ, জার্মানি, জাপান, থাইল্যান্ড, নেপাল, সুইজারল্যান্ড, রাশিয়া, সাইপ্রাস, হাঙ্গেরি, টোগো এবং ডেনমার্কসহ বিভিন্ন দেশের মিশন প্রধান ও তাদের প্রতিনিধিবৃন্দ, কনস্যুলার কোর-এর ডিন ও সেক্রেটারিসহ ভারতের কেন্দ্রীয় ও রাজ্য সরকারের প্রতিনিধিবৃন্দ এই প্রথমবারের মতো '৫২-এর শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে ২১ ফেব্রুয়ারির সকাল ৯টায় বঙ্গবন্ধু শেখ মুজিব সরণিতে অবস্থিত বাংলাদেশ উপদূতাবাসে হাজির হন।

সুইডেনের বাংলাদেশ দূতাবাসে যথাযোগ্য মর্যাদায় মহান ২১ ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়। ২১ ফেব্রুয়ারি সকাল ১০টায় দূতাবাসে বিশেষ আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ইসলামাবাদের বাংলাদেশ হাইকমিশনে এক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রত্নতত্ত্ববিদ ও ঐতিহাসিক ড. আহমেদ হাসান দানি। সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত হাইকমিশনার সৈয়দ মওদুদ আলী।